# সংবাদ

তারিখ ... 3 FEB ...
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ২ ...

## রুয়েটে আন্দোলনকারী শিক্ষার্থীদের হল ছাড়ার নির্দেশ

**প্রতিনিধি, রাজশাহী**

একাডেমিক কার্যক্রম স্থগিতের পর এবার রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (রুয়েট) দ্বিতীয় বর্ষের আন্দোলনরত প্রথম ও দ্বিতীয় সেমিস্টারের শিক্ষার্থীদের হল ছাড়ার নির্দেশ দিয়েছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। গত বৃহস্পতিবার সকাল ১০টার মধ্যে তাদের হল ছাড়তে নির্দেশ দেয়া হয়েছে বলে জানিয়েছেন বিশ্ববিদ্যালয়ের শহীদ শহীদুল ইসলাম হলের সহকারী প্রভোস্ট মহিবুল ইসলাম।

গত বুধবার বিকেলে এ সংক্রান্ত আদেশ জারি করে হলে নোটিশ ঝুলিয়ে দেয়অ হয়। নোটিশে বলা হয়েছে, বিশ্ববিদ্যালয়ের টিনসেড হলের সকল আবাসিক (১৪ ও ১৫ সিরিজ) ছাত্রদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত অনির্দিষ্টকালের জন্য হল বন্ধ থাকবে। আগামীকাল সকাল ১০টার মধ্যে সব শিক্ষার্থীদের হল ছাড়ার নির্দেশ দেওয়া হল।

সহকারী প্রভোস্ট মহিবুল ইসলাম বলেন, এই টিনসেড হলেই কেবল ওই দুই শিক্ষাবর্ষের শিক্ষার্থীরা থাকে। শিক্ষার্থীদের আন্দোলনের ফলে যে অস্বাভাবিক পরিস্থিতি তৈরি হয়েছে সেটাকে স্বাভাবিক করার এজন্য হল ত্যাগের নির্দেশ দেওয়া হয়েছে। একাডেমিক কার্যক্রম শুরু হলে হল খুলে দেয়া হবে।

তবে আন্দোলনে কেবল ছেলে শিক্ষার্থীদের জন্যই কেনো হল বন্ধ করা হচ্ছে প্রশ্ন করলে তিনি বলেন, এটা আমি ঠিক জানি না। আমাকে যেটা বলা হয়েছে আমি কেবল সেটাই করেছি। এই দুই সিরিজের শিক্ষার্থীরা ২৮ জানুয়ারি থেকে ক্লাস-পরীক্ষা বর্জন করে ৩৩ ক্রেডিট বাতিলের দাবিতে টানা আন্দোলন করে আসছিলো। এ পরিস্থিতিতে মঙ্গলবার বিকালে এই দুই বর্ষের একাডেমিক কার্যক্রম স্থগিত করে রুয়েট প্রশাসন। আন্দোলনকারী শিক্ষার্থীদের দাবি, ৩৩ ক্রেডিট বাতিল করতে হবে। কারণ ৩৩ ক্রেডিট না তুলতে পারলে বর্ষ পরিবর্তন হয় না।